

সম্মানিত সকল সদস্যের জন্য

বিষয়ঃ Customs Bond Management System (CBMS) সফটওয়্যার ব্যবহারের মাধ্যমে বন্ডেড কার্যক্রম সম্পন্ন করা প্রসঙ্গে।

আপনারা জানেন, ৩১/১২/২০২৪ইং তারিখের মধ্যে CBMS সফটওয়্যারে প্রতিষ্ঠানের তথ্য অন্তর্ভুক্ত করে Entry বা Onboard হওয়ার নিমিত্তে জাতীয় রাজস্ব বোর্ড হতে নির্দেশনা প্রদান করা হয়েছিল। Onboard হওয়ার ক্ষেত্রে সময় বৃদ্ধির জন্য বিজিএমইএ হতে জাতীয় রাজস্ব বোর্ডে পত্র প্রেরণ ও সভায় অংশগ্রহণ করা হয়।

০১/০১/২০২৫ ইং তারিখে অনুষ্ঠিত সভায় বিজিএমইএ'র প্রতিনিধি এবং জাতীয় রাজস্ব বোর্ডের সংশ্লিষ্ট সদস্য, কর্মকর্তা ও CBMS প্রকল্পের কর্তৃকর্তাদের সাথে CBMS সফটওয়্যারের কার্যক্রম সহজীকরণ, এডিট অপশন রাখা, IVAS/ভ্যাট দপ্তর হতে তথ্য স্থানান্তরের জটিলতা, বন্ডার, মেশিনারিজ ও প্রতিষ্ঠানের তথ্য আপডেটের ক্ষেত্রে জটিলতাসহ সময় বৃদ্ধির জন্য বিস্তারিত আলোচনা হয়।


সভায় বিজিএমইএ'র অনুরোধের প্রেক্ষিতে জাতীয় রাজস্ব বোর্ড আগামী ৩১/০১/২০২৫ইং তারিখের মধ্যে Onboard হওয়ার শর্তে অনলাইনের পাশাপাশি ম্যানুয়ালী কার্যক্রম চলমান রাখার নির্দেশনা প্রদান করে। এছাড়াও Onboard হওয়ার ক্ষেত্রে আগামী ৩১/০১/২০২৫ইং তারিখের মধ্যে যে কোন ধরনের সমস্যা দেখা দিলে সংশ্লিষ্ট বন্ড কমিশনারেটের Help Desk এর কর্মকর্তাদের সাথে যোগাযোগ করে সমাধান করা যাবে মর্মে উল্লেখ করা হয়। Onboard হওয়ার কার্যক্রম সহজীকরণের নিমিত্তে আগামী ৩১/০১/২০২৫ইং তারিখ পর্যন্ত উল্লেখযোগ্য কয়েকটি মডিউলের এডিট অপশন সচল রাখা হবে এবং যে সকল ক্ষেত্রে তথ্য আপডেট করা সম্ভব হবে না সেক্ষেত্রে আগামী ১ (এক) মাসের মধ্যে আপডেট করা হবে মর্মে অঙ্গীকারনামা প্রদানপূর্বক Onboard হওয়া যাবে।

CBMS সফটওয়্যারের ১৩টি মডিউলের User Manual এর ভিডিও টিউটোরিয়াল <https://drive.google.com/file/d/13ms09pG6vmJwIbHGlDfio8LXOmCKiE8s> এ লিংকে আপলোড করা হয়েছে এবং Entry বা Onboard হওয়ার ক্ষেত্রে <https://cusbond.gov.bd> লিংকটি ব্যবহার করতে হবে।

বন্ডের আওতায় নিরবিচ্ছিন্নভাবে আমদানি-রপ্তানি কার্যক্রম চলমান রাখার স্বার্থে আগামী ৩১/০১/২০২৫ইং তারিখের মধ্যে Onboard হওয়ার কার্যক্রম সম্পন্ন করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

বিষয়টি অতীব জরুরী।

ধন্যবাদান্তে,


সোঃ ফয়জুর রহমান
মহাসচিব